**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৪০৪

তারিখ: ০২ পৌষ ১৪৩২
১৭ ডিসেম্বর ২০২৫

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিশেষ পরিপত্র

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এর উপর অনুষ্ঠিতব্য গণভোট অনুষ্ঠানে আইন-শৃংখলা রক্ষা।**

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে বিষয়োক্ত নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন সুষ্ঠু, অবাধ ও উৎসবমুখর করার পূর্বশর্ত হচ্ছে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখা। সংশ্লিষ্ট বাহিনীসমূহ এ লক্ষ্যে কাজ করে যাচ্ছে। উল্লেখ্য যে, সশস্ত্র বাহিনী ইতোমধ্যে বেসামরিক প্রশাসনকে সহায়তায় মোতায়েন রয়েছে যা নির্বাচনের সময়ও অব্যাহত থাকবে। সরকার কর্তৃক সামরিক বাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেয়া হয়েছে যা আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আইন-শৃংখলা বিষয়ে ইতোমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রনালয়, বিভাগ, বাহিনী ও সংস্থার প্রধান/প্রতিনিধিদের উপস্থিতিতে কমিশনের সাথে একাধিক মতবিনিময় করা হয়েছে। এরই ধারাবাহিকতায় কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কমিশনের দিক নির্দেশনা প্রদান করা হলো।

২। **সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে প্রয়োজনীয় পরিবেশঃ** নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের জন্য নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবেঃ

ক। সার্বিক আইন-শৃংখলার পরিবেশ শান্তিপূর্ণ ও স্বাভাবিক রাখা।

খ। সকল দল ও প্রার্থী যাতে নির্বিঘ্নে নিয়মানুযায়ী কার্যক্রম পরিচালনা করতে পারে তা নিশ্চিত করা।

গ। ভোটারগণ যাতে নিঃশঙ্কচিত্তে ও স্বস্তির সাথে ভোট দিতে পারেন তা নিশ্চিত করা।

ঘ। ভোট কেন্দ্র ও নিয়ন্ত্রণ কেন্দ্র সহ সংশ্লিষ্ট স্থাপনা ও অফিসের নিরাপত্তা নিশ্চিত করা।

ঙ। নির্বাচনী সামগ্রী ও ব্যালট (পোস্টাল ব্যালটসহ) এর নিরবিচ্ছিন্ন পরিবহন ও সংরক্ষণে নিরাপত্তা নিশ্চিত করা।

চ। গুজব ও অপতথ্যের বিস্তার রোধ এবং প্রভাব নিয়ন্ত্রণ করা।

ছ। জাতি-ধর্ম-লিঙ্গ-গোত্র নির্বিশেষে ক্ষুদ্র ও প্রান্তিক জনগোষ্ঠির নিরাপত্তা নিশ্চিত করা।

জ। পঙ্গু, আহত, বয়স্ক, অসুস্থ ও সন্তানসম্ভবাদের জন্য চলাচল ও ভোটাধিকার প্রয়োগে সহনীয় সুযোগ ও পরিবেশ তৈরি করা।

ঝ। নির্বাচন অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত সকলের নিরাপত্তা নিশ্চিত করা।

ঞ। ইলেকটোরাল ইনকোয়ারী ও এ্যাডজুডিকেশন কমিটি, বিচারিক ম্যাজিস্ট্রেট, নির্বাহী ম্যাজিস্ট্রেট, সার্ভেলেন্স কমিটি, মনিটরিং কমিটি এবং আইন-শৃংখলা কমিটিসহ মাঠ পর্যায়ে কর্মরত সকল কমিটি/ কর্মকর্তার কাজে সহায়তা করা ও নিরাপত্তা নিশ্চিত করা।

ট। দল ও প্রার্থীদের আচরণ বিধিমালা প্রতিপালনে প্রয়োজনীয় অনুশাসন প্রতিপালন নিশ্চিত করা।

ঠ। কমিশন কর্তৃক গণভোটসহ নির্বাচনের বিভিন্ন বিষয়ে জনসচেতনতা তৈরিতে গৃহীত কার্যক্রমে যথাযথ নিরাপত্তা সহায়তা প্রদান করা।

ড। প্রিজাইডিং অফিসারগণ কর্তৃক নির্বাচনি সামগ্রী ও ব্যালট (পোস্টাল ব্যালটসহ) গ্রহণ করার পর থেকে নির্বাচনি ফলাফল রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট হস্তান্তর করা পর্যন্ত কেন্দ্রভিত্তিক নিয়োজিত পুলিশ/আনসার-ভিডিপি কর্তৃক প্রিজাইডিং/পোলিং অফিসারগণের নিরাপত্তা নিশ্চিত করা।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

৩। **আইন-শৃংখলা ব্যবস্থার সাধারণ রূপরেখাঃ** সার্বিক কাঠামো হবে নিম্নরূপঃ

ক। নির্বাচন কমিশনে স্থাপিত সমন্বয় সেল নিয়মিত সমন্বয় ও যোগাযোগ রক্ষা করবে।

খ। আচরণবিধি অনুযায়ী নির্বাচন পূর্ব সময় ও কমিশন কর্তৃক নির্ধারিত নির্বাচন পরবর্তী সময় আইন শৃংখলা রক্ষার্থে স্বরাষ্ট্র মন্ত্রণালয় লীড মন্ত্রণালয় হিসেবে বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন, সমন্বয় ও তদারকি করবে।

গ। সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, বাহিনী ও সংস্থার মাঝে সার্বক্ষণিক আন্তঃসমন্বয় রক্ষা করা হবে।

ঘ। বাহিনীসমূহের চেইন অব কমান্ড সমুন্নত রেখে মাঠ পর্যায়ে নিরবিচ্ছিন্নভাবে আন্তঃবাহিনী সমন্বয় সাধন করবে।

ঙ। বিভিন্ন প্রশাসনিক পর্যায়ে (বিভাগ/জেলা/উপজেলা/নির্বাচনী আসন) আইন-শৃংখলা কমিটি এবং বাহিনীসমূহের সমন্বয় সেল এর মাধ্যমে মূল্যায়ন, প্রয়োজনীয়তা নিরুপন, সমন্বয় ও কার্যপরিধি বিন্যাস করবে।

চ। মাঠ পর্যায়ে রিটার্নিং অফিসার ও তাঁর অধীনস্থ সহকারী রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসারগণের প্রয়োজন অনুযায়ী অগ্রগণ্যতার ভিত্তিতে সহায়তা প্রদান করতে হবে।

ছ। সংবেদনশীলতা, ভৌগলিক অবস্থান এবং নিরাপত্তা ঝুঁকি বিবেচনায় কেন্দ্রে বিভিন্ন বাহিনীর সমন্বয়ে কার্যকরী আইন শৃঙ্খলাবাহিনী মোতায়েন নিশ্চিত করতে হবে।

জ। অবৈধ অস্ত্র উদ্ধার ও অবৈধ অস্ত্রের ব্যবহার রোধ, নির্বাচনে বিঘ্ন সৃষ্টিকারী যেকোনো কর্মকান্ড/ প্রবণতা ও সন্ত্রাসী কর্মকান্ড রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।

ঝ। ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্রে বিশেষ নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

ঞ। সম্ভাব্যতা অনুযায়ী কেন্দ্রসমূহে CCTV কাভারেজ নিশ্চিত করতে হবে। মাঠে ব্যবহৃত IP Enabled Body Worn ক্যামেরার একটি Live Feed নির্বাচন কমিশন সমন্বয় সেলে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৪। **নির্বাচন কমিশনে স্থাপিত আইন-শৃংখলা ও অপতথ্য মনিটরিং সেলঃ**

ক। **কাঠামোঃ** নির্বাচন কমিশন, মন্ত্রনালয়, বিভাগ, বিটিআরসি ও সকল বাহিনী/ সংস্থার প্রতিনিধির সমন্বয়ে এই সেল গঠিত হবে। প্রাথমিকভাবে এই সেলের আকার হবে সীমিত যা ভোটের সময় ৭ দিনের জন্য (নির্বাচনের আগে ৪ দিন, ভোটের দিন ও ভোটের পরের ২ দিন) পূর্ণাঙ্গরূপে কাজ করবে।

খ। **কার্যকালঃ** তফসিল ঘোষণার দিন হতে ভোটের পরবর্তী ২ দিন (১২ ডিসেম্বর ২০২৫ থেকে ১৪ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত)।

৫। **অপারেশনাল মোতায়েনঃ** আইন-শৃংখলা রক্ষায় বাহিনী সমূহের মোতায়েনের স্বরূপঃ

ক। **সময়কালঃ**

(১) **স্বাভাবিক (বর্তমানে চলমান) মোতায়েনঃ** তফসিল ঘোষণার পর থেকে নির্বাচন পরবর্তী ৭ দিন পর্যন্ত (নির্বাচনকালীন মোতায়েন ব্যতীত)।

(২) **নির্বাচনকালীন মোতায়েনঃ** আনসার ও গ্রাম প্রতিরক্ষা দল ছাড়া সকল বাহিনী ভোটের সময় ৫ দিন (নির্বাচন পূর্ব ৩ দিন, নির্বাচন অনুষ্ঠানের দিন এবং নির্বাচন পরবর্তী ১ দিন) মোতায়েন থাকবে। আনসারদের জন্য উক্ত সময় হবে ৬ দিন (নির্বাচন পূর্ব ৪ দিন, নির্বাচন অনুষ্ঠানের দিন এবং নির্বাচন পরবর্তী ১ দিন)। এই সময়কালের মোতায়েনের জন্য কমিশন প্রচলিত নিয়মে বাজেট বরাদ্দ করবে।

খ। **মোতায়েনের ধরণঃ**

(১) **স্থায়ী মোতায়েনঃ**

(ক) কেন্দ্র অধিক্ষেত্রভিত্তিক (শুধুমাত্র ভোটের সময়কালে ৫ দিনের জন্য বিশেষ মোতায়েন)।

(খ) স্থায়ী/অস্থায়ী চেক পোস্ট (তফসিল ঘোষণার পর থেকে সম্পূর্ণ সময়ের জন্য)।

(২) **মোবাইল মোতায়েনঃ**

(ক) টহল/ আভিযানিক দল (তফসিল ঘোষণার পর থেকে সম্পূর্ণ সময়ের জন্য)।

(খ) স্ট্রাইকিং ফোর্স (সম্পূর্ণ সময়; বিশেষ করে ভোটের দিন)।

(গ) সংরক্ষিত ফোর্স (তফসিল ঘোষণার পর থেকে সম্পূর্ণ সময়ের জন্য) এলাকা ভিত্তিক মূল্যায়নের ভিত্তিতে।

৬। **সমন্বয় নির্দেশাবলীঃ**

ক। সংশ্লিষ্ট কমিশন, মন্ত্রনালয়, বিভাগ ও সকল বাহিনী/ সংস্থা থেকে একজন যোগ্য প্রতিনিধি ফোকাল পয়েন্ট হিসেবে নির্বাচন কমিশনের সমন্বয় সেলের সাথে সমন্বয় করবেন।

খ। অপতথ্যের প্রভাব ও এর বিস্তার রোধে প্রযুক্তিগত সক্ষমতা সম্পন্ন বাহিনী/ সংস্থাসমূহ নির্বাচন কমিশনে তথ্য ও প্রযুক্তি সহায়তা প্রদান করবে।

গ। নির্বাচন কমিশনের ফোকাল পয়েন্টের নাম ও যোগাযোগের মোবাইল নম্বরঃ জনাব মোহাম্মদ মনির হোসেন, মোবাইল নম্বর ০১৭১৯৫৮৭৩৪৩, উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

১৭.১২.২৫

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল), ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৪০৪

তারিখ: ০২ পৌষ ১৪৩২ / ১৭ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার, (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৮. ..................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)

১৭/১৯/২০২৫

(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com